



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours Part-III Examination, 2017

বাংলা - সাম্মানিক

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।

১. নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২ = ২০
- (ক) ডায়েরি বৃত্তান্ত কোন্ গুণে সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে? বাংলা সাহিত্যের একটি সার্থক ডায়েরিধর্মী সাহিত্যের আলোচনা করো। ৫+৫
- (খ) ভ্রমণ বৃত্তান্ত ও ভ্রমণ সাহিত্যের মধ্যে পার্থক্য কোথায়? একটি উৎকৃষ্ট ভ্রমণ সাহিত্যের পরিচয় দাও। ৫+৫
- (গ) মনস্তাত্ত্বিক সাহিত্য সমালোচনার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে, এই রীতিতে যে-কোন একটি সাহিত্যের আলোচনা করো। ৫+৫
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোন দুটি): ৫+৫
- (অ) ব্যক্তিগত প্রবন্ধ (আ) পত্র-সাহিত্য (ই) তুলনামূলক সাহিত্য সমালোচনা পদ্ধতি।
২. 'কমলাকান্তের দপ্তর'-এর 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্মোপলব্ধির যে পরিচয় পরিস্ফুট হয়েছে, তার বিশদ আলোচনা করো। ১৫
- অথবা
- হাস্যরসের বিভিন্ন ধারাগুলো 'কমলাকান্তের দপ্তর'কে বিশিষ্ট শ্রেণীতে উত্তীর্ণ করেছে- মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫



**B.A./Part -III/Hons./BNGA-VII/2017**

৩. বিশ্বপ্রকৃতির সঙ্গে রবীন্দ্রনাথের একান্ত আপন সম্পর্ক 'ছিন্নপত্র'র পত্রগুলোতে কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১৫
- অথবা
- সমালোচকরা 'ছিন্নপত্র'কে বলেছেন 'পদ্মাতীরের পত্রকাব্য।'-এই মন্তব্যের সমর্থনে তোমার যুক্তিগুলো উদাহরণযোগে আলোচনা করো। ১৫
৪. পটুয়া ছবিতে লেখক কোন দুই দিক থেকে বিচার করেছেন? প্রাগৈতিহাসিক শিল্পের সঙ্গে পটুয়া শিল্পের স্বাতন্ত্র্য কোথায়? ৭+৮
- অথবা
- বিজ্ঞানচর্চায় মাতৃভাষার ব্যবহার কতদূর কার্যকর বলে প্রাবন্ধিক সত্যেন্দ্রনাথ বসু উল্লেখ করেছেন? এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১০+৫
৫. 'রূপকথা কতকগুলি অসম্ভব বাহ্যঘটনার ছদ্মবেশ পরিয়া আমাদের মনের সহিত ইহার প্রকৃত ঐক্যের কথা গোপন রাখিতে চেষ্টা করে।' -রূপকথার সঙ্গে অসম্ভব বাহ্যঘটনার সাদৃশ্য কোথায়? কীভাবে তাতে ছদ্মবেশ পরানো হয়? রূপকথার রচয়িতা কে? ৮+৫+২
- অথবা
- 'গত শতাব্দীর কণ্টকিত সংস্কৃতির ক্ষেত্রে ঈশ্বরচন্দ্র গুপ্ত এই ঐতিহ্য রক্ষার এক দিকপাল' - মন্তব্যটি কার? কোন ঐতিহ্যের কথা বলা হয়েছে? সেই ঐতিহ্য ঈশ্বরগুপ্তের কাব্যে কীভাবে প্রতিফলিত হয়েছে? ২+৫+৮
৬. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ২০
- (ক) মধ্যযুগের সাহিত্যে মানবমহিমা
- (খ) উনিশ শতকের নবজাগরণ ও বাংলা গদ্যে তার প্রভাব
- (গ) বিশ শতকের বাংলা উপন্যাসে বাস্তবতা
- (ঘ) বাংলা রঙ্গমঞ্চের প্রথম পর্যায় (১৮৭৬)
- (ঙ) বাংলা আধুনিক কবিতার গতি-প্রকৃতি
- (চ) বাংলা ডিটেকটিভ গল্পের জনপ্রিয়তা।